**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**
**নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা**

নং- ১৭.০০.০০০০.০৬২.৫১.০০৪.১৩(অংশ-১২)- ৪০৮

তারিখঃ ০২ আশ্বিন, ১৪২৫
১৭ সেপ্টেম্বর, ২০১৮ খ্রি

# প্রজ্ঞাপন

নং- ১৭.০০.০০০০.০৬২.৫১.০০৪.১৩(অংশ-১২)- ৪০৮ **জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধানমালা ২০১৪ এর প্রবিধি ২(৫) সংজ্ঞায়িত এবং উক্ত প্রবিধানমালার প্রবিধি ৩ ও ৪ এ বর্ণিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও তাদের দায়িত্ব নিম্নে নির্ধারণ করা হলঃ**

০২নং কলামে বর্ণিত সংশোধনের জন্য ০৭নং কলামে বর্ণিত কর্মকর্তাকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ করা হইলো। জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উ সংশোধনের সকল আবেদন উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তার পর্যায়ে গ্রহন ও প্রক্রিয়াকরণ করিতে হইবে এবং নিম্নবর্ণিত পদ্ধতিতে নিষ্পত্তি করিতে হইবে।

| ক্রঃ নং | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি (এক বা একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদনের শ্রেণী | প্রস্তাব উপস্থাপনকারী কর্মকর্তা | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | নিজ নামের বানান সংশোধন (নাম পরিবর্তন ব্যতীত) | নিবন্ধিত ব্যক্তির নিজের নামের বানান সঠিক মুদ্রিত না হয়ে থাকলে; (যেমনঃ রাহেলা বেগম হতে রাহিলা বেগম) | ফরম-২/পি.ই.সি.ই/ জে.এস.সি/এস.এস.সি/সমমান বা তদূর্ধ্ব সনদ, জাতীয় পরিচয়পত্রের জন্য নিবন্ধনের পূর্বে প্রণিত পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, জন্ম সনদ, সন্তানদের পাবলিক পরীক্ষার সনদ, ফরম-২ এ প্রদত্ত স্বাক্ষর, ২০০৭ সালের পূর্বের ভোটার আইডি কার্ড ও অন্যান্য প্রমাণাদি। | ক | উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা | সিনিয়র জেলা/জেলা নির্বাচন কর্মকর্তা |
| ২ | নিজ মূল নাম ঠিক রেখে নামের আংশিক পরিবর্তন হলে | যেমনঃ নাজমা বেগম হতে নাজমা সুলতানা | ফরম-২/পি.ই.সি.ই/ জে.এস.সি/এস.এস.সি/সমমান বা তদূর্ধ্ব সনদ, পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, জন্ম সনদ, ফরম-২ এ প্রদত্ত স্বাক্ষর, সন্তানদের পাবলিক পরীক্ষার সনদ, অন্যান্য প্রমাণাদি, তদন্ত প্রতিবেদন। | | | |
| ৩ | নাম সংশোধন | বিদ্যমান জাতীয় পরিচয়পত্রে বর্ণিত বাংলা নাম অনুসারে ইংরেজী নাম বা ইংরেজী নাম অনুসারে বাংলা নাম | নিবন্ধন ফরম-২/বিদ্যমান জাতীয় পরিচয়পত্র/ ডাটাবেজে রক্ষিত স্বাক্ষর। | | | |
| ৪ | পিতা/মাতার মূল নাম ঠিক রেখে আংশিক পরিবর্তন হলে | যেমনঃ মোঃ সাইফুল ইসলাম হতে মোঃ সাইফুল শেখ | ফরম-২/পি.ই.সি.ই/ জে.এস.সি/এস.এস.সি/সমমান বা তদূর্ধ্ব সনদ, পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, জন্ম সনদ, পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র, ভাই-বোনের জাতীয় পরিচয়পত্রের কপি ও জে.এস.সি/এস.এস.সি বা তদূর্ধ্ব সনদ, অন্যান্য প্রমাণাদি। | | | |
| ৫ | পিতা/মাতার নামের বানান সংশোধন (নাম পরিবর্তন ব্যতীত) | যেমনঃ আফজোল গাজী হতে আফজাল গাজী | ফরম-২/পি.ই.সি.ই/ জে.এস.সি/এস.এস.সি/সমমান বা তদূর্ধ্ব সনদ, জাতীয় পরিচয়পত্রের জন্য নিবন্ধনের পূর্বে প্রণিত পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, জন্ম সনদ; পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র, ভাই-বোনের জাতীয় পরিচয়পত্রের কপি ও অন্যান্য প্রমাণাদি। | | | |

২

| ক্রঃ নং | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি (এক বা একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদনের শ্রেণী | প্রস্তাব উপস্থাপনকারী কর্মকর্তা | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৬ | স্বামী/স্ত্রীর মূল নাম ঠিক রেখে নামের আংশিক পরিবর্তন হলে | যেমনঃ শহিদুজ্জামান হাওলাদার হতে মোঃ শহিদুজ্জামান | ফরম-২/স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয় পত্রের কপি, বিবাহ রেজিস্ট্রেশন সার্টিফিকেট, সন্তানের পি.ই.সি.ই/জে.এস.সি/এস. এস .সি বা তদূর্ধ্ব সনদ, সন্তানের আইডি কার্ড, অন্যান্য প্রমাণাদি। | ক | উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা | সিনিয়র জেলা/জেলা নির্বাচন কর্মকর্তা |
| ৭ | স্বামী/স্ত্রীর নামের বানান সংশোধন (নাম পরিবর্তন ব্যতীত) | যেমনঃ আঃ রেহমান হতে আব্দুর রহমান। | ফরম-২/স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয় পত্রের কপি, কাবিননামার কপি, সন্তানের পি.ই.সি.ই/জে.এস.সি/এস. এস .সি বা তদূর্ধ্ব সনদ, সন্তানের আইডি কার্ড,অন্যান্য প্রমাণাদি। | | | |
| ৮ | পিতা/মাতা/স্বামী/স্ত্রীর মৃত্যু সাল পরিবর্তন | | সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত অনলাইন মৃত্যুর সনদ অন্যান্য প্রমাণাদি। | | | |
| ৯ | জন্ম নিবন্ধন নম্বর পরিবর্তন/সংশোধন | | সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত অনলাইন জন্ম সনদ,অন্যান্য প্রমাণাদি। | | | |
| ১০ | জন্ম তারিখ সংশোধন | পাবলিক পরীক্ষার সনদ অনুসারে ৩ (তিন) বছর পর্যন্ত<br>(চাকুরীর বয়স সীমা, মুক্তিযোদ্ধা, ভোটার যোগ্যতা, প্রার্থীর বয়স সীমা, বয়স্কভাতা বা অনান্য সরকারী সুবিধা অর্জনের/প্রাপ্তির বয়স সীমা ব্যতীত) | ফরম-২/পি.ই.সি/জে.এস.সি/জে.ডি.সি/এস.এস.সি সনদ/সমমান সনদ বা এদের রেজিস্ট্রেশন কার্ড এর সত্যায়িত অনুলিপি, (উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বা এর সমামানের সার্টিফিকেট এর ভিত্তিতে নয়) অন্যান্য প্রমাণাদি।<br><u>চাকুরীরত ব্যক্তির জন্য</u><br>সার্ভিস বুকের কপি, মান্থলি পেমেন্ট অর্ডার (MPO), চাকুরীর আইডি, উর্ধ্বতন কর্তৃপক্ষের অফিস স্মারক সম্বলিত পত্র।<br><u>অন্যান্য পেশাজীবিদের জন্য</u><br>জাতীয় পরিচয়পত্রের জন্য নিবন্ধনের পূর্বে প্রণিত পাসপোর্টের কপি, ড্রাইভিং লাইসেন্স, জন্ম সনদ; সিভিল সার্জন কর্তৃক বয়স প্রমানের রেডিওলজিক্যাল মেডিকেল টেস্ট রিপোর্ট, চেয়ারম্যান কর্তৃক পারিবারিক সনদ (পরিবারের সকল সদস্যের নাম, পিতা মাতা ভাই বোনের জাতীয় পরিচয়পত্র এর নম্বর এবং জন্মের ক্রম উল্লেখসহ) পেনশন/অবসর ভাতা বহির সত্যায়িত ফটোকাপি, তদন্ত প্রতিবেদন। | | | |
| ১১ | লিঙ্গা পরিবর্তন | | ফরম-২, মেডিকেল সার্টিফিকেট, অন্যান্য প্রমাণাদি। | | | |

| ক্রঃ নং | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি (এক বা একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদনের শ্রেণী | প্রস্তাব উপস্থাপনকারী কর্মকর্তা | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১২ | বৈবাহিক অবস্থা পরিবর্তন | স্বামী/স্ত্রীর নাম সংযোজন/বিয়োজন | বিবাহ রেজিস্ট্রেশন এর সার্টিফিকেট, হিন্দু ও অন্যান্য ধর্মাবলম্বীদের ক্ষেত্রে বিবাহ রেজিস্ট্রেশন না হয়ে থাকলে (উভয় পক্ষ কর্তৃক) প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট আদালতের এফিডেভিট, সন্তানের শিক্ষা সনদ ও আইডি কার্ড, বিবাহ বিচ্ছেদ রেজিস্ট্রেশন সার্টিফিকেট, স্বামী/স্ত্রীর মৃত্যু সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) অন্যান্য প্রমাণাদি। | ক | উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা | সিনিয়র জেলা/জেলা নির্বাচন কর্মকর্তা |
| ১৩ | জন্মস্থান পরিবর্তন | | সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সনদ, পাসপোর্ট এর কপি, জন্ম নিবন্ধন সনদের কপি। | | | |
| ১৪ | পেশা পরিবর্তন | | নিয়োগপত্র, পেশা ভিত্তিক সনদ, সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সনদ, অন্যান্য প্রমানপত্র। | | | |
| ১৫ | দৃশ্যমান সনাক্ত করণ চিহ্ন পরিবর্তন | | উপজেলা//থানা নির্বাচন অফিসারের প্রতিবেদন/মেডিকেল সনদ। | | | |
| ১৬ | রক্তের গ্রুপ সংযোজন/পরিবর্তন | | রক্ত পরীক্ষার রিপোর্ট, অন্যান্য প্রমাণাদি। | | | |
| ১৭ | ঠিকানা সংশোধন (বর্তমান/স্থায়ী) | | সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সনদ, জমির দলিল, ইউটিলিটি বিল, জন্ম নিবন্ধন সনদ/পাসপোর্ট, অন্যান্য দলিল, অন্যান্য প্রমাণাদি, তদন্ত প্রতিবেদন। | | | |
| ১৮ | আর, এম, ও | | সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সনদ অন্যান্য প্রমাণাদি। | | | |
| ১৯ | টিআইএন নম্বর পরিবর্তন/সংশোধন | | টিআইএন এর সত্যায়িত কপি। | | | |
| ২০ | ড্রাইভিং লাইসেন্স নম্বর পরির্তন/সংশোধন | | ড্রাইভিং লাইসেন্স সত্যায়িত এর কপি। | | | |
| ২১ | পাসপোর্ট নম্বর পরিবর্তন/সংশোধন | | পাসপোর্ট এর কপি/অনলাইন পাসপোর্ট কপি। | | | |
| ২২ | মোবাইল/ফোন নম্বর পরিবর্তন | | বিটিসিএল এর প্রত্যয়ন/বিলের কপি/রেজিস্ট্রেশন ফরম এর কপি, মোবাইল ফোন অপারেটর কর্তৃক প্রত্যয়ন। | | | |

| ক্রঃ নং | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি (এক বা একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদনের শ্রেণী | প্রস্তাব উপস্থাপনকারী কর্মকর্তা | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২৩ | স্বামী/স্ত্রীর নাম সংযোজন/ বিয়োজন/পরিবর্তন | | স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয় পত্রের কপি, বিবাহ রেজিস্ট্রেশন সার্টিফিকেট/ বিবাহ বিচ্ছেদ রেজিস্ট্রেশন সার্টিফিকেট, স্বামী/স্ত্রী/সন্তানের পি.ই.সি.ই/ জে.এস.সি/ এস.এস.সি বা তদূর্ধ্ব সনদ, সন্তানের আইডি কার্ড, স্বামী/স্ত্রীর মৃত্যুর সনদ, তদন্ত প্রতিবেদন, অন্যান্য প্রমাণাদি। | খ | সিনিয়র জেলা/ জেলা নির্বাচন কর্মকর্তা | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা |
| ২৪ | জন্ম তারিখ পরিবর্তন, | পাবলিক পরীক্ষার সনদ অনুযায়ী (চাকুরীর বয়স সীমা, মুক্তিযোদ্ধা, ভোটার যোগ্যতা, প্রার্থীর বয়স সীমা, বয়স্কভাতা বা অনান্য সরকারী সুবিধা অর্জনের/প্রাপ্তির বয়স সীমা ব্যতীত) ৫ (পাঁচ) বছর পর্যন্ত সংশোধন | পি.ই.সি,ই/জে.এস.সি/এস.এস.সি সনদ/সমমান সনদ বা এদের রেজিস্ট্রেশন কার্ড এর সত্যায়িত অনুলিপি, জন্ম সনদ ।<br>চাকুরীরত ব্যক্তির জন্য<br>সার্ভিস বুকের কপি, মান্থলি পেমেন্ট অর্ডার (MPO), চাকুরীর আইডি, উর্ধ্বতন কর্তৃপক্ষের অফিস স্মারক।<br>অন্যান্য পেশাজীবিদের জন্য<br>জাতীয় পরিচয়পত্রের জন্য নিবন্ধনের পূর্বে প্রণিত পাসপোর্টের কপি, ড্রাইভিং লাইসেন্স, জন্ম সনদ; সিভিল সার্জন কর্তৃক বয়স প্রমানের রেডিওলজিক্যাল টেস্ট রিপোর্ট, চেয়ারম্যান কর্তৃক ওয়ারিশ কায়েম/উত্তরাধিকারী/পরিবার সনদ (পরিবারের সকল সদস্যের নাম, পিতা মাতা ভাই বোনের NID নম্বর এবং বয়স উল্লেখসহ, পেনশন/অবসর ভাতা বহির সত্যায়িত ফটোকপি, পেনশনভোগী হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট থেকে ইস্যু নম্বর ও তারিখ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়ণ, মুক্তিযোদ্ধা হিসেবে মুক্তিযোদ্ধার সনদ এবং মুক্তিযোদ্ধা হিসেবে প্রাপ্ত বিভিন্ন ভাতাদির প্রমাণপত্রদাখিল, তদন্ত প্রতিবেদন, অন্যান্য প্রমাণাদি। | | | |
| ২৫ | শিক্ষাগত যোগ্যতা পরিবর্তন | সংশোধন/হালনাগাদকরণ করতে চাইলে। | পরিচয়পত্রধারীর চাহিত শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, শিক্ষাগত যোগ্যতা কমাতে চাইলে হলফনামা ও সরেজমিনে তদন্ত প্রতিবেদন। | | | |
| ২৬ | অসমর্থতা | | সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদ/ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। | | | |
| ২৭ | ধর্ম পরিবর্তন | | বিবাহ নিবন্ধন সনদ, হলফনামা, তদন্ত প্রতিবেদন, প্রত্যয়ন পত্র, পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র প্রয়োজন/জাতীয় পত্রিকায় বিজ্ঞাপনের কপি। | | | |
| ২৮ | বায়োমেট্রিক আপডেট | ছবি, স্বাক্ষর, আঙ্গুলের ছাপ, আইরিশ পরিবর্তন | ফিঙ্গার প্রিন্ট স্ক্যানারের সাহায্যে কেন্দ্রীয় তথ্য ভান্ডারে আঙ্গুলের ছাপ পরীক্ষা করে একই ব্যক্তি মর্মে নিশ্চিত হলে/ একই ব্যক্তি মর্মে উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তার প্রত্যয়ন। | | | |

| ক্রঃ নং | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি (এক বা একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদনের শ্রেণী | প্রস্তাব উপস্থাপনকারী কর্মকর্তা | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২৯ | নাম সম্পূর্ণ পরিবর্তন | পাবলিক পরীক্ষার সনদ বা যথাযথ সনদের ভিত্তিতে নাম সম্পূর্ণ পরিবর্তন | পি.ই.সি.ই/ জে.এস.সি/ এস.এস.সি বা তদূর্ধ্ব সনদ, আইডি কার্ডের পূর্বে প্রণিত পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, জন্ম সনদ, হলফনামা, ছেলে-মেয়ের পি.ই.সি.ই/ জে.এস.সি/ এস.এস.সি বা তদূর্ধ্ব সনদ, স্ত্রীর জাতীয় পরিচয়পত্রের কপি, ফরম-২ তে সংরক্ষিত স্বাক্ষর, তদন্ত প্রতিবেদন, অন্যান্য প্রমাণাদি, একই ব্যক্তি মর্মে উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তার প্রতিবেদন, অন্যান্য প্রমাণাদি। | গ | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা | মহা-পরিচালক এর পক্ষে পরিচালক বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা |
| ৩০ | পিতা/মাতার নামের সম্পূর্ণ পরিবর্তন হলে | পাবলিক পরীক্ষার সনদ বা যথাযথ সনদের ভিত্তিতে নাম সম্পূর্ণ পরিবর্তন | পি.ই.সি.ই/ জে.এস.সি/এস.এস.সি বা তদূর্ধ্ব সনদ, পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, জন্ম সনদ, পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র, ভাই-বোনের জাতীয় পরিচয়পত্রের কপি ও জে.এস.সি/এস.এস.সি বা তদূর্ধ্ব সনদ, অন্যান্য প্রমাণাদি, সরেজমিনে তদন্ত। | | | |
| ৩১ | জন্ম তারিখ পরিবর্তন | পাবলিক পরীক্ষার সনদ অনুযায়ী (চাকুরীর বয়স সীমা, মুক্তিযোদ্ধা, ভোটার যোগ্যতা, প্রার্থীর বয়স সীমা, বয়স্কভাতা অর্জনের/প্রাপ্তির বয়স সীমা ব্যতীত) | পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি সনদ/সমমান সনদ বা এদের রেজিস্ট্রেশন কার্ড এর সত্যায়িত অনুলিপি, জন্ম সনদ ।<br>চাকুরীরত ব্যক্তির জন্য<br>সার্ভিস বুকের কপি, মান্থলি পেমেন্ট অর্ডার (MPO), চাকুরীর আইডি, উর্ধ্বতন কর্তৃপক্ষের অফিস স্মারক সম্বলিত পত্র।<br>অন্যান্য পেশাজীবিদের জন্য<br>জাতীয় পরিচয়পত্রের জন্য নিবন্ধনের পূর্বে প্রণিত পাসপোর্টের কপি, ড্রাইভিং লাইসেন্স, জন্ম সনদ; সিভিল সার্জন কর্তৃক বয়স প্রমানের রেডিওলজিক্যাল মেডিকেল টেস্ট রিপোর্ট এবং এর ভিত্তিতে প্রত্যয়ন, চেয়ারম্যান কর্তৃক ওয়ারিশ নামা/উত্তারাধিকারী/পরিবার সনদ (পরিবারের সকল সদস্যের নাম, পিতা মাতা ভাই বোনের NID নম্বর এবং বয়স উল্লেখসহ) পেনশন/অবসর ভাতাবহির সত্যায়িত ফটোকাপি, পেনশনভোগী হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট থেকে ইস্যু নম্বর ও তারিখ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন, মুক্তিযোদ্ধা হিসেবে মুক্তিযোদ্ধার সনদ এবং মুক্তিযোদ্ধা হিসেবে প্রাপ্ত বিভিন্ন ভাতাদির প্রমাণপত্র দাখিল, মাঠ পর্যায়ে তদন্ত প্রতিবেদন, অন্যান্য প্রমাণাদি। | | | |

| ক্রঃ নং | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি (এক বা একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদনের শ্রেণী | প্রস্তাব উপস্থাপনকারী কর্মকর্তা | আবেদন নিস্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৩২ | নাম সম্পূর্ণ পরিবর্তন | পাবলিক পরীক্ষার সনদ বা যথাযথ সনদ ব্যতীত অন্যান্য তথ্য প্রমাণের ভিত্তিতে | সন্তানের পি.ই.সি.ই/ জে.এস.সি/ এস.এস.সি বা তদূর্ধ্ব সনদ, পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, জন্ম সনদ, হলফনামা, জমির দলিল, কাবিননামা, ২০০৭ সালের পূর্বের ভোটার আইডি কার্ড, তদন্ত প্রতিবেদন, অন্যান্য প্রমাণাদি। | ঘ | পরিচালক | মহা-পরিচালক |
| ৩৩ | পিতা/মাতার নামের সম্পূর্ণ পরিবর্তন হলে | পাবলিক পরীক্ষার সনদ বা যথাযথ সনদ ব্যতীত অন্যান্য তথ্য প্রমাণের ভিত্তিতে | পি.ই.সি.ই/ জে.এস.সি/জে.ডি.সি/এস.এস.সি/সমমান সনদ বা তদূর্ধ্ব সনদ, পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, জন্ম সনদ, পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র, ভাইবোনের জাতীয় পরিচয়পত্রের কপি, সরেজমিনে তদন্ত, অন্যান্য প্রমাণাদি। | | | |
| ৩৪ | জন্ম তারিখ সংশোধন | জন্ম তারিখ সংশোধন (চাকুরীর বয়স সীমা, মুক্তিযোদ্ধা, ভোটার যোগ্যতা, প্রার্থীর বয়স সীমা, বয়স্কভাতা প্রাপ্তির বয়স সীমাসহ সকল ক্ষেত্রে) | পি.ই.সি.ই/জে.এস.সি/জে.ডি.সি/এস.এস.সি/সমানম সনদ বা এদের রেজিস্ট্রেশন কার্ড এর সত্যায়িত অনুলিপি, জন্ম সনদ ।<br>চাকুরীরত ব্যক্তির জন্যঃ<br>সার্ভিস বুকের কপি, মান্থলি পেমেন্ট অর্ডার (MPO), চাকুরীর আইডি, উর্ধ্বতন কর্তৃপক্ষের অফিস স্মারক।<br>অন্যান্য পেশাজীবিদের জন্যঃ<br>জাতীয় পরিচয়পত্রের জন্য নিবন্ধনের পূর্বে প্রণিত পাসপোর্টের কপি, ড্রাইভিং লাইসেন্স, জন্ম সনদ; সিভিল সার্জন কর্তৃক বয়স প্রমানের রেডিওলজিক্যাল টেস্ট রিপোর্ট এবং এর ভিত্তিতে প্রত্যয়ন, চেয়ারম্যান কর্তৃক ওয়ারিশ কায়েম/উত্তরাধিকারী সনদ (পরিবারের সকল সদস্যের নাম, পিতা মাতা ভাই বোনের NID নম্বর এবং বয়স উল্লেখসহ) পেনশন/অবসর ভাতা বহির সত্যায়িত ফটোকাপি, পেনশনভোগী হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট থেকে ইস্যু নম্বর ও তারিখ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন, মুক্তিযোদ্ধা হিসেবে মুক্তিযোদ্ধার সনদ এবং মুক্তিযোদ্ধা হিসেবে প্রাপ্ত বিভিন্ন ভাতাদির প্রমাণপত্রদাখিল, মাঠ পর্যায়ে তদন্ত প্রতিবেদন, অন্যান্য প্রমাণাদি। | | | |

২। উপজেলা//থানা নির্বাচন কর্মকর্তা আবেদন প্রাপ্তির পর উহার সহিত সংযুক্ত দলিলাদিসহ আবেদনসমূহ Card Management System এ আপলোড করিবেন এবং আবেদনসমূহ ক, খ, গ বা ঘ শ্রেণী ভুক্ত করি প্রয়োজনে শুনানী/যাচাই বাছাই ও তদন্তের পর ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে সকল আবেদন সুপারিশ/মতামতসহ পরবর্তী উর্ধ্বতন কর্মকর্তার নিকট অগ্রায়ণ করিবেন।

৩। সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা Card Management System এর মাধ্যমে উপজেলা/থানা নির্বাচন অফিস হতে অগ্রায়িত এখতিয়ারভুক্ত আবেদনসমূহে সিদ্ধান্ত প্রদান করিবেন অ প্রয়োজনীয় তথ্য/প্রামাণাদি সংযোজনের জন্য মতামতসহ থানা/উপজেলা নির্বাচন কর্মকর্তার নিকট ফেরত প্রদান করিবেন বা উর্ধ্বতন কর্তৃপক্ষের বিবেচনার জন্য সুপারিশ/মতামতসহ ৭ (সাত) কার্যদিবসের মধ্যে পরবর্তী উ কর্মকর্তার নিকট অগ্রায়ণ করিবেন।

৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা Card Management System এর মাধ্যমে জেলা/সিনিয়র জেলা নির্বাচন অফিস হতে অগ্রায়িত এখতিয়ারভুক্ত আবেদনসমূহে সিদ্ধান্ত প্রদান করিবেন অথবা প্রয়োজনীয় তথ্য/প্রামাণাদি সংযোজনের জন্য মতামতসহ থানা/উপজেলা নির্বাচন কর্মকর্তার নিকট ফেরত প্রদান করিবেন বা উর্ধ্বতন কর্তৃপক্ষের বিবেচনার জন্য সুপারিশ/মতামতসহ ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগে অগ্রায়ণ করিবেন।

৫। কোন আবেদনকারী একটি আবেদনে একাধিক ফিল্ড সংশোধনের আবেদন করিলে আবেদন নিষ্পত্তির জন্য উক্ত আবেদনের সর্বোচ্চ পর্যায়ের এখতিয়ারভূক্ত কর্মকর্তা সিদ্ধান্ত প্রদান করিবেন এবং মুদ্রণের অনুমোদন করিবেন।

৬। আবেদনটি ইলেকট্রনিক্যালী ইস্যু করা হলে আবেদনকারী একটি এসএমএস এর মাধ্যমে রেজিস্ট্রেশন নম্বর প্যাইবেন, তদন্ত বা অন্য কোন ডকুমেন্ট চাওয়া হইলে পরবর্তী এসএমএস এর মাধ্যমে আবেদনকারী জানিতে পারিবেন, আবেদনটি মঞ্জুর বা না-মঞ্জুর হইলে পরবর্তী এসএমএস এর মাধ্যমে আবেদনকারী জানিতে পারিবেন।

৭। কোন পর্যায়ে নির্ধারিত সময়ের মধ্যে কোনো আবেদন নিষ্পত্তি/মতামতসহ অগ্রায়ণ করা না হইলে স্বয়ংক্রিয় পদ্ধতিতে পরবর্তী উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত হইবে এক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনটি নিস্পত্তির সুবিধার্থে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক অগ্রাধিকার ভিত্তিতে কাজটি সম্পাদন করতে হইবে।

৮। কোন আবেদন না মঞ্জুর করা হলে না মঞ্জুরের কারণ লিপিবদ্ধ করতে হবে এবং আবেদনকারী যথাযথ পদ্ধতিতে উক্ত আদেশের কপি পাওয়ার অধিকারী হবেন।

৯। জেলা/সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা তাঁর পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন আবেদনের শ্রেণী পরিবর্তন করিতে পারিবেন, তবে যেকোনো পর্যায়ে কোনো আবেদনের শ্রেণী পরিবর্তন করা হইলে আবেদনটির লগ এ একটি রেকর্ড থাকিবে এবং কোন ইউজার হইতে শ্রেণী পরিবর্তন করা হইয়াছে তাহা সকল ইউজার দেখিতে পারিবেন। কোনো আবেদনের শ্রেণী পরিবর্তন করা হইলে পূর্বে আবেদন সম্পর্কে নিচের পর্যায়ে গৃহীত সিদ্ধান্ত বাতিল হইবে।

১০। জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ হতে নির্ধারিত সময়ের মধ্যে এখতিয়ারভুক্ত সকল আবেদন নিষ্পত্তির বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হইবে এবং অন্যান্য আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে তদারকি করা হইবে।

১১। জেলা/সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তার সিদ্ধান্তে কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি ৩০ (ত্রিশ) কর্ম দিবসের মধ্যে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার নিকট আপিল দায়ের করিতে পারিবেন।

১২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার সিদ্ধান্তে কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি ৩০ (ত্রিশ) কর্ম দিবসের মধ্যে মহা-পরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ এর নিকট আপিল দায়ের করিতে পারিবেন।

১৩। কোন আবেদন মঞ্জুর (Approved) করা হইলে Card Management System এর মাধ্যমে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয় বা অনুমোদিত অন্যকোন স্থানে সংশোধিত সাময়িক জাতীয় পরিচয়পত্র মুদ্রণ করা হইবে এবং সংশ্লিষ্ট থানা/উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয় হইতে সংশোধিত সাময়িক জাতীয় পরিচয়পত্র বিতরণ করা হইবে।

১৪। মহা-পরিচালক এর সিদ্ধান্তে কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে জাতীয় পরিচয় পত্র ও সংরক্ষিত তথ্য উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধি ৪ এর (৬) অনুসারে আবেদনকারী বা ক্ষেত্রমতে তাহার আইনানুগ অভিভাবক উক্ত আদেশের বিরুদ্ধে নির্বাচন কমিশন বরাবর আপিল দায়ের করিতে পারিবেন।

১৫। বর্ণিত বিষয়ে নির্বাচন কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

অফিস কপি

নির্বাচন কমিশনের আদেশক্রমে

১৭/৯/২০১৮

(হেলালুদ্দীন আহমদ)
সচিব
নির্বাচন কমিশন সচিবালয়

জারীকৃত
১০৪৯৮
১৭/৯/১৮

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস),
তেজগাঁও, ঢাকা।

[অদ্যকার তারিখ বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করতঃ সরকারি কাজে ব্যবহারের জন্য প্রকাশিত গেজেটের ২০০০ (দুই হাজার) কপি নির্বাচন কমিশন সচিবালয়ে সরবরাহের জন্য অনুরোধ করা হল।]

**নং- ১৭.০০.০০০০.০৬২.৫১.০০৪.১৩(অংশ-১২)- ৪০৮**

**তারিখঃ ০২ আশ্বিন, ১৪২৫**
**১৭ সেপ্টেম্বর, ২০১৮ খ্রীঃ**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৫. সচিব/ভারপ্রাপ্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/সড়ক পরিবঞ্চন ও মহাসড়ক বিভাগ, পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা।
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৮. মহাপরিচালক জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৯. বিভাগীয় কমিশনার, (সকল)।
১০. উপমহাপুলিশ পরিদর্শক, (সকল)।
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১২. মহাপরিচালক নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ]
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার অনুরোধসহ]
১৫. জেলা প্রশাসক , (সকল)।
১৬. পুলিশ সুপার, (সকল)।
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল)।
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১৯. জেলা নির্বাচন কর্মকর্তা, (সকল)।
২০. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, (সকল)।
২১. উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
২২. জেলা তথ্য অফিসার, (সকল)।
২৩. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৪. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব................................, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব.....................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২৭. উপজেলা নির্বাচন অফিসার, (সকল)।
২৮. অফিসার-ইন-চার্জ, (সকল)।

17/9

(ব্রিগেঃ জেঃ মোহাম্মদ সাইদুল ইসলাম)
মহা-পরিচালক
জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ
নির্বাচন কমিশন সচিবালয়